# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭।

স্মারক নং- ঢাপ্রপ্রবি/পছাকদ/২০২৫/৬৩

তারিখ ঃ ২১/০৪/২০২৫ খ্রিঃ

প্রাপক

Md. Rokibul Islam
স্টুডেন্ট নং ঃ ২২২৭২০১২
এম. এসসি ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ, ১ম সেমিস্টার
ইনস্টিটিউট ঃ ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (IICT)।

বিষয় ঃ পরীক্ষার হলে অসদুপায় অবলম্বন এবং শৃঙ্খলা ভঙ্গের জন্য কারণ দর্শানো নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, গত ২০/০৪/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (IICT) ইনস্টিটিউট-এর এম. এসসি ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ ১ম সেমিস্টার পরীক্ষায় "Advanced Database Management Systems" (কোর্স নং ঃ ICT-6201) বিষয়ে পরীক্ষা চলাকালীন অসদুপায় অবলম্বন করিয়াছেন মর্মে আপনার বিরুদ্ধে সংশ্লিষ্ট পরীক্ষকের লিখিত অভিযোগ পাওয়া যায়। এই প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ডিসিপ্লিন (ছাত্র শৃঙ্খলা কমিটি) এর সভা অদ্য ২১/০৪/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র শৃঙ্খলা বিধি (Ordinance Relating to Discipline) এর ১৫(ii) ধারা অনুযায়ী আপনাকে দোষী সাব্যস্ত করা হয়।

এই প্রেক্ষিতে আপনার বিরুদ্ধে কেন বিধি মোতাবেক শাস্তি আরোপ করা হইবে না তাহার জবাব এই পত্র ইস্যুর ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হইল। আপনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাহাও লিখিত জবাবে উল্লেখ করিতে পারিবেন। আপনি বর্ণিত সময়ের মধ্যে জবাব দাখিলে ব্যর্থ হইলে আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তি একতরফাভাবে কার্যকর করা হইবে। উল্লেখ্য আপনার উপর শাস্তি আরোপিত হইলে এবং এই বিষয়ে আপনার কোন আপত্তি থাকিলে ছাত্র শৃঙ্খলা বিধি (Ordinance Relating to Discipline) এর ধারা ৬ মোতাবেক একাডেমিক কাউন্সিলের নিকট আপনার আপিলের সুযোগ থাকিবে এবং সেইক্ষেত্রে একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

বোর্ড অব ডিসিপ্লিন (ছাত্র শৃঙ্খলা কমিটি) এর সিদ্ধান্তক্রমে এই নোটিশ জারি করা হইল।

21/04/25

(অধ্যাপক ড. উৎপল কুমার দাস)
সদস্য-সচিব
বোর্ড অব ডিসিপ্লিন (ছাত্র শৃঙ্খলা কমিটি)
ও
পরিচালক (ছাত্রকল্যাণ)
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

স্মারক নং- ঢাপ্রপ্রবি/পছাকদ/২০২৫/৬৩, তারিখ ঃ ২১/০৪/২০২৫ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল ঃ

১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
২। পিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩। সকল ডিন, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৪। সকল বিভাগীয় প্রধান, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৫। রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৬। সকল হল প্রভোস্ট, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৭। পরীক্ষা নিয়ন্ত্রক, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৮। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধ সহকারে);
৯। ডেপুটি রেজিস্ট্রার, শিক্ষা শাখা, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
১০। Md. Rokibul Islam, স্টুডেন্ট নং-২২২৭২০১২, মোবাইল নং ঃ ০১৭১৬-২২১১৮৫
ই-মেইল- 22272012@student.duet.ac.bd, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
১১। সকল নোটিশ বোর্ড, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
১২। সংরক্ষণ নথি।

21/04/25

(অধ্যাপক ড. উৎপল কুমার দাস)
সদস্য-সচিব
বোর্ড অব ডিসিপ্লিন (ছাত্র শৃঙ্খলা কমিটি)
ও
পরিচালক (ছাত্রকল্যাণ)
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর।